দৈনিক ইত্তেফাক

তারিখ ... MAY. 2 5 1999
পৃঃ ৪ কলাম ৫

# স্বতন্ত্র প্রাথমিক শিক্ষা ক্যাডার প্রসঙ্গে

স্বতন্ত্র প্রাথমিক শিক্ষা ক্যাডার গঠনের দাবীতে থানা ও জেলা পর্যায়ের প্রাথমিক শিক্ষা কর্মকর্তাদের একটি অংশ সম্প্রতি তাঁহাদের আন্দোলনের কর্মসূচী ঘোষণা করিয়াছেন। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ, ইহার অধীনস্থ অধিদপ্তর এবং প্রকল্প সমূহ শিক্ষা ক্যাডারের কর্মকর্তাদের নিয়ন্ত্রনে আছে। এই সকল দপ্তর এবং প্রকল্পসমূহ হইতে শিক্ষা ক্যাডারের কর্মকর্তাদের প্রত্যাহারপূর্বক তাঁহাদেরকে নিয়া স্বতন্ত্র প্রাথমিক শিক্ষা ক্যাডার গঠন করিতে হইবে। এই বিষয়ে গত ১৩ই এপ্রিল দৈনিক ইত্তেফাকে একটি রিপোর্ট প্রকাশিত হয়। প্রকৃতপক্ষে থানা ও জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাদের বক্তব্য এবং ইত্তেফাকে প্রকাশিত রিপোর্ট বর্তমান অবস্থার আলোকে অসঙ্গতিপূর্ণ এবং অবাস্তব। প্রকৃত তথ্য হইতেছে, প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ে একটি আলাদা বিভাগ আছে, যাহার দায়িত্বে আছেন একজন প্রতিমন্ত্রী। ইহার অধীনে প্রথমিক শিক্ষা অধিদপ্তর, উপআনুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তর, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা অধিদপ্তরসহ প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক প্রকল্পসমূহ রহিয়াছে। ইহার মধ্যে মন্ত্রণালয় পুরাপুরি প্রশাসন ক্যাডারের অধীনে আছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে শিক্ষা ক্যাডারের ২৩জন কর্মকর্তা আছেন। উপআনুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তরে ৬২ জন কর্মকর্তার মধ্যে ৯ জন শিক্ষা ক্যাডারের, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষায় ১১ জনের মধ্যে ৩ জন শিক্ষা ক্যাডারের এবং প্রকল্প সমূহে অত্যন্ত নগণ্য সংখ্যক কর্মকর্তা হইতেছেন শিক্ষা ক্যাডারের। অধিদপ্তর এবং প্রকল্প সমূহের সিংহভাগ প্রশাসন ক্যাডারের নিয়ন্ত্রণে আছে। তাহা হইলে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এবং ইহার অধীনস্থ দপ্তর ও প্রকল্পসমূহ কিভাবে শিক্ষা ক্যাডারের অধীনে থাকে তাহা বোধগম্য নয়। আর কেনইবা শুধুমাত্র শিক্ষা ক্যাডারের কর্মকর্তাদের উল্লেখিত পদসমূহ হইতে সরাইবার জন্য আন্দোলন, তাহাও রহস্যজনক শিক্ষা ক্যাডারের নগণ্য সংখ্যক কর্মকর্তাদের সরাইয়া প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের ঐ সকল পদে রাখিয়া স্বতন্ত্র প্রাথমিক শিক্ষা ক্যাডার বাস্তবায়ন কি সম্ভব? শিক্ষা ক্যাডারের কর্মকর্তাদের বিরুদ্ধে অপপ্রচার চালানো হইতেছে প্রশাসন ক্যাডার সম্পর্কে সম্পূর্ণ নীরবতা রহস্যজনক। বস্তুতপক্ষে শিক্ষাক্যাডারের কর্মকর্তাগণ ক্যাডার সিডিউল মোতাবেক তাঁহাদের জন্য নির্ধারিত পদসমূহে কর্মরত আছেন। তাহারা কাহরও পদ দখল করেন নাই কিংবা কাহারও অধিকার ক্ষুণ্ন করেন নাই। অধিকন্তু শিক্ষা ক্যাডারের দপ্তর সমূহের একটি অংশে প্রশাসন ক্যাডারের নিয়ন্ত্রণে আছে।

মোহাম্মদ জাকির হোসেন,
সাংগঠনিক সচিব,
বিসিএস সাধারণ শিক্ষা সমিতি ও
প্রভাষক, সরকারী সা'দত কলেজ,
টাঙ্গাইল।